'শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি'

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ
দিরাই উপজেলা পরিষদ
সুনামগঞ্জ জেলা।

# ফেব্রুয়ারি/২০২২ মাসে অনুষ্ঠিত উপজেলা পরিষদের সাধারণ সভার কার্যবিবরণী (৩৩ তম সভা)

সভাপতি ঃ জনাব মোঃ মঞ্জুর আলম চৌধুরী, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দিরাই
সভার স্থান ঃ উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ
সভার তারিখ ও সময় ঃ ১৭/০২/২০২২, বেলা- ১১:০০ ঘটিকা।

সভায় উপস্থিত ও অনুপস্থিত সদস্যগণের তালিকা পরিশিষ্ট 'ক' এবং 'খ' তে দেখানো হয়েছে

সভার প্রারম্ভে সভাপতি মহোদয় নবনির্বাচিত ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানগনকে ফুল দিয়ে বরণ করেন; এছাড়াও উপস্থিত সকলকে স্বাগত জানানো হয়। তিনি আরও বলেন যেহেতু ইউনিয়ন পরিষদসমূহে নবাগত চেয়ারম্যান মহোদয়গণ উপস্থিত আছেন তাই আজকের সভায় দপ্তরভিত্তিক আলোচনা হলে সকল চেয়ারম্যানদের প্রত্যেক দপ্তর সম্পর্কে সার্বিক ধারণা হয়ে যাবে। সভাপতির অনুরোধক্রমে মুখ্য নির্বাহী কর্মকর্তা ও উপজেলা নির্বাহী অফিসার সভার কাজ পরিচালনা করেন। অতঃপর আলোচ্যসূচী অনুযায়ী নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

| বিষয় | আলোচনা ও সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|
| (১) বিগত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন | মুখ্য নির্বাহী কর্মকর্তা ও উপজেলা নির্বাহী অফিসার, দিরাই বিগত সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শুনান। বিগত সভার কার্যবিবরণীর বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়।<br>**সিদ্ধান্ত ঃ** বিগত সভার কার্যবিবরণীতে কোনরূপ সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে অনুমোদিত ও গৃহীত হয়। | মুখ্য নির্বাহী কর্মকর্তা ও উপজেলা নির্বাহী অফিসার, দিরাই |
| (২) বিগত মাসের উপজেলা পরিষদের আয়-ব্যয়ের হিসাব পর্যালোচনা ঃ | মুখ্য নির্বাহী কর্মকর্তা ও উপজেলা নির্বাহী অফিসার দিরাই সভায় উপজেলা পরিষদের বিগত জানুয়ারি/২০২২ মাসের আয়-ব্যয়ের হিসাব বিবরণী দাখিল করেন। দাখিলকৃত হিসাব বিবরণী নিম্নরূপ : | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দিরাই/ মুখ্য নির্বাহী কর্মকর্তা ও উপজেলা নির্বাহী অফিসার, দিরাই |

| আয় | | | ব্যয় | | |
|---|---|---|---|---|---|
| ক্র:নং | বিবরণ | টাকা | ক্র:নং | বিবরণ | টাকা |
| ১ | পূর্ববর্তী মাসের জের | ২৫,৫৯,৮০৬/২৮ | ১ | চেয়ারম্যান ও ভাইস চেয়ারম্যানদ্বয়ের জানুয়ারি/২০২২ মাসের সম্মানী ও বাড়ি ভাড়া | ৯৯,০০০/- |
| ২ | ব্যাংক বিবরণী মোতাবেক প্রাপ্য | ১,৪৫,৭৭২/- | ২ | অফিস সহায়কদ্বয়ের ও সুইপারের জানুয়ারি/২২ মাসের বেতন | ৩৪,৫০০/- |
| ৩ | সাব-রেজিষ্ট্রার হতে ১% | ৩,৫১,২৮৮/৯৫ | ৩ | উপজেলা পরিষদের সাঁট-মুদ্রাক্ষরিকের জানুয়ারি/২০২২ মাসের উপজেলা অংশের ১০% জিপিএফ প্রদান | ১,৭৫২/- |
| | | | ৪ | উপজেলা পরিষদের গাড়িচালকের জানুয়ারি/২০২২ মাসের উপজেলা অংশের ১০% জিপিএফ প্রদান | ১,৪৪৭/- |
| | | | ৫ | উপজেলা পরিষদের জানুয়ারি/২০২২ মাসের আনুষাঙ্গিক বিল প্রদান | ৫,০০০/- |
| | | | ৬ | জাতীয় যুব দিবসের আর্থিক অনুদান | ১৫,০০০/- |
| | | | ৭ | উপজেলা পরিষদের জীপ গাড়ি জালানী বিল প্রদান | ৫২,৯৯৬/- |
| | | | ৮ | মহান বিজয় দিবস উদ্‌যাপনের আর্থিক অনুদান প্রদান | ২৫,০০০/- |
| | | | ৯ | উপজেলা পরিষদের মালিকানাধীন রজনীগন্ধা | ২৫,০০০/- |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| | | | | ভবনের উপর তলা পশ্চিম পার্শের ফ্লেট মেরামত বিল প্রদান | |
| | | | ১০ | উপজেলা পরিষদের মালিকানাধীন রজনীগন্ধা ভবনের নীচ তলা পূর্ব পার্শের ফ্লেট মেরামত বিল প্রদান | ২৫,০০০/- |
| | | | ১১ | মেসার্স রায়হান এন্টারপ্রাইজ, দিরাই'কে আনসারদের আবাসন নির্মাণ কাজের ২য় চলতি বিল প্রদান | ৫,০০,০০০/- |
| ডিসেম্বর/২১ মাসের আয়- | | ৪,৯৭,০৬০/৯৫ | জানুয়ারি/২২ মাসের মোট ব্যয়- | | ৭,৮৪,৩২০/- |
| সর্বমোট আয়- | | ৩০,৫৭,২৪২/২৩ | | সর্বমোট ব্যয়- | ৭,৮৪,৩২০/- |
| সমাপনী স্থিতি= ২২,৭২,৫৪৭/২৩ | | | | | |

উপস্থাপিত হিসাব বিবরণী অনুমোদনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সভার দৃষ্টি আকর্ষন করেন। বিষয়টি সম্পর্কে সভায় বিস্তারিত আলেচনা করা হয়।

**সিদ্ধান্ত ঃ** উপজেলা পরিষদের বিগত জানুয়ারি/২০২২ মাসের দাখিলকৃত আয়-ব্যয়ের হিসাব বিবরণী সভায় সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হয়।

| | | |
|---|---|---|
| স্বাস্থ্য বিভাগ | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, দিরাই সভার দৃষ্টি আকর্ষণ করে জানান আগামী ২৬/০২/২০২২ তারিখে বাংলাদেশের প্রত্যেক উপজেলা, জেলা, বিভাগ ও সিটি কর্পোরেশনে বসবাসরত এক কোটি মানুষের মাঝে কোভিড-১৯ এর (প্রথম ডোজ) গণটিকা কর্মসূচি বাস্তবায়িত হতে যাচ্ছে। সরকারের এই মহৎ উদ্যোগকে বাস্তবায়ন করার জন্য সংশ্লিষ্ট সকলের সহযোগিতা কামনা করেন। তিনি আরও জানান উপজেলা নির্বাহী অফিসারের নির্দেশে এভারগ্রীণ রেলওয়ে মুক্ত স্কাউট গ্রুপ, দিরাই এর রোভার ও স্কাউটরা যেভাবে সেচ্ছাসেবক হিসেবে অক্লান্ত পরিশ্রম করছে তাদের আমি ধন্যবাদ জানাই। সেই সাথে আগামী ২৬/০২/২০২২ তারিখ সহ পরবর্তীতেও উপজেলা স্বাস্থ্য বিভাগের সহযোগিতায় তারা সেচ্ছাসেবক হিসেবে দায়িত্ব পালন করার জন্য উপজেলা নির্বাহী অফিসার, দিরাইকে অনুরোধ জানান। বিষয়টি নিয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়।<br><br>**সিদ্ধান্ত ঃ** বাংলাদেশের প্রত্যেক উপজেলার মতো অত্র উপজেলায়ও আগামী ২৬/০২/২০২২ তারিখে এক কোটি মানুষের মাঝে কোভিড-১৯ এর (প্রথম ডোজ) গণটিকা কর্মসূচি বাস্তবায়নের জন্য সংশ্লিষ্ট সকলকে সহযোগিতা করার জন্য অনুরোধ জানানো হয়। সেই সাথে এভারগ্রীণ রেলওয়ে মুক্ত স্কাউট গ্রুপ, দিরাই এর রোভার ও স্কাউটদের সেচ্ছাসেবক হিসেবে দায়িত্ব পালনের জন্য অনুরোধ জানানো হয়। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ দিরাই/ মুখ্য নির্বাহী কর্মকর্তা ও উপজেলা নির্বাহী অফিসার, দিরাই |
| মৎস্য বিভাগ | সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, দিরাই তাঁর বিভাগীয় কার্যক্রম সম্পর্কে সভাকে অবহিত করেন। তিনি বলেন উপজেলা মৎস্য অফিসের দৈনন্দিন কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। প্রতিটা ইউনিয়নে মুক্ত জলাশয়ে কিভাবে মৎস্য উৎপাদন বৃদ্ধি করা যায় সেই বিষয়ে সচেতনতামূলক সভা করার জন্য সকল ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানদের অনুরোধ জানান।<br><br>**সিদ্ধান্ত ঃ** বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তাকে অনুরোধ জানানো হয়। | সিনিয়র উপজেল মৎস্য কর্মকর্তা, দিরাই |
| প্রাণিসম্পদ বিভাগ | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, দিরাই তাঁর বিভাগীয় কার্যক্রম সম্পর্কে সভাকে অবহিত করেন। তিনি বলেন উপজেলা প্রাণিসম্পদ অফিসের দৈনন্দিন কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।<br><br>**সিদ্ধান্ত ঃ** বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তাকে অনুরোধ জানানো হয়। | উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা দিরাই |
| প্রকল্প বাস্ত বায়ন বিভাগ | উপজেলা প্রকল্পবাস্তবায়ন কর্মকর্তা, দিরাই সভায় তাঁর বিভাগীয় কার্যক্রম সম্পর্কে উপস্থিত সকলকে অবহিত করেন। তিনি নবনির্বাচিত ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানদের চলতি অর্থ বছরের প্রকল্প তালিকা দ্রুত প্রদানের জন্য অনুরোধ জানান। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, দিরাই সকল ইউপি |

| | | |
|---|---|---|
| | **সিদ্ধান্ত ঃ** চলতি অর্থ বছরের সমুদয় প্রকল্প তালিকা দ্রুত সময়ের মধ্যে উপজেলা প্রকল্প বাস্তবায়নকারি অফিসারের দপ্তরে জমা প্রদানের জন্য নবনির্বাচিত ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণকে অনুরোধ জানানো হয়। সেই সাথে বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তাকে অনুরোধ জানানো হয়। | চেয়ারম্যান |
| সমাজসেবা বিভাগ | উপজেলা সমাজসেবা কর্মকর্তা, দিরাই তাঁর বিভাগীয় কার্যক্রম সম্পর্কে সভাকে অবহিত করেন। তিনি বলেন উপজেলা সমাজসেবা অফিসের দৈনন্দিন কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। ০১নং রফিনগর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান সভার দৃষ্টি আকর্ষণ করে বলেন প্যারালাইসিস, ষ্ট্রোক, ক্যান্সার ইত্যাদি রোগিদের আর্থিক সহায়তা প্রদানের জন্য যে সকল আবেদনপত্র প্রেরণ করা হয় তা যেন দ্রুত সময়ের মধ্যে রোগিদের মাঝে প্রদান করা যায় সেই দিকে বিশেষ খেয়াল রাখার জন্য অনুরোধ জানান।<br><br>**সিদ্ধান্ত ঃ** বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা সমাজসেবা কর্মকর্তাকে অনুরোধ জানানো হয়। | উপজেলা সমাজসেবা কর্মকর্তা, দিরাই |
| পরিবার পরিকল্পনা বিভাগ | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, দিরাই তাঁর বিভাগীয় কার্যক্রম সম্পর্কে সভাকে অবহিত করেন। তিনি বলেন উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগে জনবল সংকট রয়েছে। রফিনগর FWC তে আগত সেবাগ্রহীতাগণের সুপেয় পানি পান এবং টয়লেটে পানি ব্যবহারের কোন ব্যবস্থা না থাকার কারনে আগত সেবাগ্রহীতাগণ খুবই কষ্ট করতে হচ্ছে। কাজেই রফিনগর FWC তে জনস্বার্থে একটি নলকূপ স্থাপনসহ পানির লাইন স্থাপনের জন্য সভায় অনুরোধ জানান। বিষয়টি নিয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়।<br><br>**সিদ্ধান্ত ঃ** বরাদ্দ প্রাপ্তি স্বাপেক্ষ্যে রফিনগর FWC তে জনস্বার্থে একটি নলকূপ স্থাপনসহ পানির লাইন স্থাপনের জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা দিরাই। |
| জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগ | উপ-সহঅর্জনকারী প্রকৌশলী(জনস্বাস্থ্য), দিরাই সভায় তাঁর বিভাগীয় কার্যক্রম সম্পর্কে সভাকে অবহিত করেন। তিনি আরও বলেন দিরাই উপজেলায় আর্সেনিকের খুবই বেশি তাই আর্সেনিক পরিক্ষা করার জন্য পৌরসভা সহ সকল ইউনিয়ন পরিষদে লোক নিয়োগ দেয়া হয়েছে এবং পরিক্ষা কার্যক্রম চলমান রয়েছে ফিল্ডকিড্ছ এর মাধ্যমে। আর্সেনিক যুক্ত নলকূপরে মুখে লাল রং এবং আর্সেনিক মুক্ত নলকূপে সবুজ রং দিয়ে চিহ্নিত করা হচ্ছে। আর্সেনিক টেস্ট কার্যক্রম যারা করছেন তাদের সার্বিক সহযোগিতা করার জন্য ইউ/পি চেয়ারম্যানগণকে অনুরোধ জানান। বিষয়টি নিয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়।<br><br>**সিদ্ধান্ত ঃ** আর্সেনিক টেস্ট কার্যক্রম যারা করছেন তাদের সার্বিক সহযোগিতা করার জন্য ইউ/পি চেয়ারম্যানগণকে অনুরোধ জানানো হয়। সেই সাথে তার বিভাগীয় সকল কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপসহঅর্জনকারী প্রকেলশী (জনস্বাস্থ্য)কে অনুরোধ জানানো হয়। | উপসহঅর্জনকারী প্রকৌশলী(জনস্বাস্থ্য), দিরাই |
| খাদ্য বিভাগ | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক দিরাই তাঁর বিভাগীয় কার্যক্রম সম্পর্কে সভাকে অবহিত করেন। তিনি বলেন খাদ্য বিভাগের দৈনন্দিন কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। চেয়ার্যান, উপজেলা পরিষদ, দিরাই বলেন ফেয়ার প্রাইজের মাধ্যমে যে সকল উপকার ভোগীরা ১০ টাকা কেজি চাল নিচ্ছেন তাদের তালিকা সংশোধন করা প্রয়োজন; এতে উপস্থিত সকলে একমত পোষণ করেন। কাজেই বিধিমোতাবেক তা সংশোধন করার জন্য সভায় অনুরোধ জানান।<br><br>**সিদ্ধান্ত ঃ** ফেয়ার প্রাইজের তালিকা বিধিমোতাবেক তা সংশোধন করা এবং বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, দিরাই কে অনুরোধ জানানো হয়। | উপজেলা খাদ্যনিয়ন্ত্রক, দিরাই |
| প্রকৌশল বিভাগ | উপজেলা প্রকৌশলী, দিরাই তাঁর বিভাগীয় কার্যক্রম সম্পর্কে সভাকে অবহিত করেন। তিনি বলেন তাঁর বিভাগের দৈনন্দিন কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।<br><br>**সিদ্ধান্ত ঃ** বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলী (এলজিইডি), দিরাই কে অনুরোধ জানানো হয়। | উপজেলা প্রকৌশলী দিরাই,সুনামগঞ্জ। |

| | | |
|---|---|---|
| শিক্ষা বিভাগ | উপজেলা শিক্ষা অফিসার দিরাই তাঁর বিভাগীয় কার্যক্রম সম্পর্কে সভাকে অবহিত করেন। তিনি বলেন তাঁর বিভাগের দৈনন্দিন কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। শিক্ষার মান বৃদ্ধির বিষয়ে সংশ্লিষ্ট সকলের মধ্যে ব্যপক উৎসাহ সৃষ্টি হয়েছে। শিক্ষার মান বৃদ্ধির লক্ষ্যে ভাল ফলাফল অর্জনকারী শিক্ষা প্রতিষ্ঠান/ছাত্রছাত্রীদের পুরস্কার প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সভায় অনুরোধ জানান। সেই সাথে নবাগত ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণকে নিজ নিজ ইউনিয়নে অবস্থিত বিদ্যায়লগুলো প্রতিনিয়ত পরিদর্শণ করার জন্য অনুরোধ জানান। বিষয়টি নিয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়।<br><br>**সিদ্ধান্ত ঃ** (১) বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা শিক্ষা অফিসার, দিরাই কে অনুরোধ জানানো হয়।<br><br>(২) সমাপনী পরীক্ষায় এবং প্রাথমিক বৃত্তি পরীক্ষায় যে সকল বিদ্যালয় ভাল ফলাফল অর্জনকরে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ/পৌরসভা থেকে সে সকল বিদ্যালয়কে পুরস্কৃত করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য সংশ্লিষ্ট পৌরসভা/ইউনিয়ন পরিষদকে অনুরোধ জানানো হয়। | উপজেলা শিক্ষা অফিসার. দিরাই |
| মাধ্যমিক শিক্ষা বিভাগ | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার দিরাই তাঁর বিভাগীয় কার্যক্রম সম্পর্কে সভাকে অবহিত করেন। তিনি বলেন আগামী ২২/০২/২০২২ তারিখ হতে পুন:রায় বিদ্যালয় খুলবে। শিক্ষার্থীদের টিকা কার্যক্রম চলমান রয়েছে। এছাড়াও তার দপ্তরের দাপ্তরিক সকল কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে।<br><br>**সিদ্ধান্ত ঃ** সকল শিক্ষার্থীদের নির্দেশনা মোতাবেক টিকা গ্রহণ যাতে শতভাগ সম্পন্ন হয় সেই বিষয় প্রয়োজনীয় সকল ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, দিরাই'কে অনুরোধ জানানো হয়। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, দিরাই |
| সমবায় বিভাগ | উপজেলা সমবায় অফিসার দিরাই তাঁর বিভাগীয় কার্যক্রম সম্পর্কে সভাকে অবহিত করেন। তিনি বলেন তাঁর বিভাগের দৈনন্দিন কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।<br><br>সিদ্ধান্ত ঃ বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা সমবায় অফিসার, দিরাই'কে অনুরোধ জানানো হয়। | উপজেলা সমবায় অফিসার, দিরাই |
| বিএডিসি (সেচ) | সহঅর্জনকারী প্রকৌশলী, বিএডিসি (সেচ), দিরাই সভায় তাঁর বিভাগীয় কার্যক্রম সম্পর্কে সভাকে অবহিত করেন। তিনি বলেন তাঁর বিভাগের দৈনন্দিন কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।<br><br>**সিদ্ধান্ত ঃ** বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সহঅর্জনকারী প্রকৌশলী বিএডিসি (সেচ), দিরাই'কে অনুরোধ জানানো হয়। | সহঅর্জনকারী প্রকৌশলী, বিএডিসি (সেচ) দিরাই |
| (৩) বিবিধ ঃ | (ক) তথ্যসেবা কর্মকর্তা, তথ্য আপা প্রকল্প (২য় পর্যায়), তথ্যকেন্দ্র দিরাই সভায় তার তথ্যকেন্দ্রের বর্তমানে চলমান বিভিন্ন কর্মসূচির তথ্য উপস্থাপন করেন। | তথ্যসেবা কর্মকর্তা, তথ্য আপা প্রকল্প (২য় পর্যায়), তথ্যকেন্দ্র দিরাই |

| ক্রং নং | কার্যক্রম | লক্ষমাত্রা (প্রতিমাসে) | অর্জিত লক্ষ্যমাত্রা | মন্তব্য |
|---|---|---|---|---|
| ০১. | তথ্যকেন্দ্র | ৫০ | ৩৩ | কার্যক্রম চলমান |
| ০২. | ডোর টু ডোর এবং উঠান বৈঠক | ২০,০০০ জন | ১৮,৬০০ জন | বরাদ্দ আসতে বিলম্ব হওয়ার কারণে কার্যক্রম কিছুটা শিথিল আছে |

প্রাথমিক স্বাস্থ্য সেবার ধরণ ঃ

| ক্রং নং | স্বাস্থ্য সেবার প্রকারভেদ | মন্তব্য |
|---|---|---|
| ০১. | রক্তচাপ পরিমাপ | প্রত্যেকটি যন্ত্রের একটি করে সেট থাকায় অনেক সময় তথ্যকেন্দ্রের পাশাপাশি ডোর টু ডোর স্বাস্থ্য সেবা প্রদান করায় ব্যঘাত ঘটে। |
| ০২. | রক্তে গ্লুকোজের পরিমাপ | |
| ০৩. | রক্তে অক্সিজেনের পরিমাপ | |
| ০৪. | শরীরের তাপমাত্রা পরিমাপ | |
| ০৫. | উচ্চতা পরিমাপ | |
| ০৬. | ওজন পরিমাপ | |

অন্যান্য সেবা সমূহ :

| | |
|---|---|
| ০১. | ইন্টারনেটের মাধ্যমে মহিলাদের সকল প্রকার সেবা প্রদান যেমন- ইন্টারনেট ব্রাউজিং, ই-মেইল, স্কাইপের মাধ্যমে ভিডিও কনফারেন্সিং, বিভিন্ন পরীক্ষার ফলাফল, চাকরির খবর, চাকরির আবেদন, বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে আবেদন ইত্যাদি অনলাইন সেবাসমূহ। |
| ০২. | শিক্ষা, স্বাস্থ্য, আইন, ব্যবসা, জেন্ডার ও কৃষি বিষয়ক সেবা প্রদান। |
| ০৩. | গ্রামীণ সুবিধাবঞ্চিত মহিলাদের উপজেলার বিভিন্ন দপ্তর সমূহের বিভিন্ন কার্যক্রম সম্পর্কে অবহিত করা। |

'শেখ হাসিনার মূলনীতি<br>গ্রাম শহরের উন্নতি'

| | | |
|---|---|---|
| | **সিদ্ধান্ত ঃ** তথ্যকেন্দ্রের বর্তমানে চলমান বিভিন্ন কর্মসূচির কর্মপরিধি বৃদ্ধি করার জন্যঅনুরোধ করা হয়। | |
| | (খ) মুখ্য নির্বাহী কর্মকর্তা ও উপজেলা নির্বাহী অফিসার দিরাই সভায় ২০২১-২০২২ অর্থ বছরের ভূমি উন্নয়ন করের দাবির বিবরণী সভায় উপস্থাপন করেন। উপস্থাপিত ভূমি উন্নয়ন করের ডিমান্ড নোট দৃষ্টে দেখাযায় ২০২১-২০২২ অর্থ বছরে উপজেলা পরিষদের ভূমি উন্নয়ন কর বাবদ ১২,০৬০/- (বার হাজার ষাঁট) টাকা সহঅর্জনকারী কমিশনার (ভূমি), দিরাই কর্তৃক দাখিল করা হয়েছে। দাখিলকৃত ভূমি উন্নয়ন কর উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে পরিশোধের জন্য সভায় অনুরোধ জানান।<br><br>**সিদ্ধান্ত ঃ** ২০২১-২০২২ অর্থ বছরে উপজেলা পরিষদের ভূমি উন্নয়ন কর বাবদ ১২,০৬০/- (বার হাজার ষাঁট) টাকা উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে পরিশোধের জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান,<br>উপজেলা পরিষদ,<br>দিরাই/<br>মুখ্য নির্বাহী<br>কর্মকর্তা<br>ও<br>উপজেলা নির্বাহী<br>অফিসার, দিরাই |
| | (গ) বিগত মে- ২০২১ মাসের অনুষ্ঠিত উপজেলা পরিষদের মাসিক সাধারণ সভার বিবিধ (ধ) নং অনুচ্ছেদের সিদ্ধান্তের আলোকে উপজেলা পরিষদ কর্মচারীদের নামে পৃথক পৃথক দুটি আনুতোষিক তহবিলের হিসাব খোলা হয়েছে। উক্ত আনোতোষিক তহবিল দুটিতে অর্থ স্থানান্তরের হিসাব বিবরণ প্রস্তুত করা হয়েছে। হিসাব বিবরণীদৃষ্টে দেখাযায় জনাব মোঃ ফখরুল আমিন চৌধুরী, সাঁট-মুদ্রাক্ষরিক কাম-কম্পিউটার অপারেটর, উপজেলা পরিষদ, দিরাই এর আনুতোষিক তহবিলে জুলাই ২০১২ হতে ফেব্রুয়ারি ২০২২ পর্যন্ত সময়ে আনুতোষিক তহবিল চলতি হিসাব নং- ১০৮৩৩৯০০০২৪৪৮ তে স্থানান্তরিত অর্থের সর্বমোট পরিমাণ- ৩,৪৬,৫৬০/- (তিন লক্ষ ছিচল্লিশ হাজার পাঁচশত ষাঁট) টাকা মাত্র এবং জনাব নিখীশ বিশ্বাস, গাড়ি চালক, উপজেলা পরিষদ, দিরাই এর আনুতোষিক তহবিলে জুলাই ২০১২ হতে ফেব্রুয়ারি ২০২২ পর্যন্ত সময়ে আনুতোষিক তহবিল চলতি হিসাব নং- ১০৮৩৩৯০০০২৪৪৯ তে স্থানান্তরিত অর্থের সর্বমোট পরিমাণ- ২,৯৬,১৬৬/- (দুই লক্ষ ছিয়ানব্বই হাজার একশত ছিষট্টি) টাকা মাত্র উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে সংশ্লিষ্ট তহবিলে স্থানান্তর করার জন্য অনুরোধ জানান। বিষয়টি নিয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়।<br><br>**সিদ্ধান্ত ঃ** জনাব মোঃ ফখরুল আমিন চৌধুরী, সাঁট-মুদ্রাক্ষরিক কাম-কম্পিউটার অপারেটর, উপজেলা পরিষদ, দিরাই এর আনুতোষিক তহবিলে জুলাই ২০১২ হতে ফেব্রুয়ারি ২০২২ পর্যন্ত সময়ে আনুতোষিক তহবিল চলতি হিসাব নং- ১০৮৩৩৯০০০২৪৪৮ তে স্থানান্তরিত অর্থের সর্বমোট পরিমাণ- ৩,৪৬,৫৬০/- (তিন লক্ষ ছিচল্লিশ হাজার পাঁচশত ষাঁট) টাকা মাত্র এবং জনাব নিখীশ বিশ্বাস, গাড়ি চালক, উপজেলা পরিষদ, দিরাই এর আনুতোষিক তহবিলে জুলাই ২০১২ হতে ফেব্রুয়ারি ২০২২ পর্যন্ত সময়ে আনুতোষিক তহবিল চলতি হিসাব নং- ১০৮৩৩৯০০০২৪৪৯ তে স্থানান্তরিত অর্থের সর্বমোট পরিমাণ- ২,৯৬,১৬৬/- (দুই লক্ষ ছিয়ানব্বই হাজার একশত ছিষট্টি) টাকা মাত্র উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে সংশ্লিষ্ট তহবিলে স্থানান্তর করার জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান,<br>উপজেলা পরিষদ,<br>দিরাই/<br>মুখ্য নির্বাহী<br>কর্মকর্তা<br>ও<br>উপজেলা নির্বাহী<br>অফিসার, দিরাই |

সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

২৭/২/২২

(মোঃ মঞ্জুর আলম চৌধুরী)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ, দিরাই
সুনামগঞ্জ।

'শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি'

স্মারক নং- ০৫.৬০.৯০২৯.০০০.১০.০০১.১২-০৬(৫০)

তারিখ ঃ ১৭/০২/২০২২খ্রিঃ।

অনুলিপি সদয় অবগতি/কার্যার্থে প্রেরণ করা হলো ঃ

০১। মাননীয় সংসদ সদস্য, সুনামগঞ্জ-২।
০২। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৩। পরিচালক, স্থানীয় সরকার, সিলেট বিভাগ, সিলেট।
০৪। জেলা প্রশাসক, সুনামগঞ্জ।
০৫। উপপরিচালক, স্থানীয় সরকার, সুনামগঞ্জ।
০৬। মেয়র, দিরাই পৌরসভা।
০৭। ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দিরাই, সুনামগঞ্জ।
০৮। উপজেলা ---------------------------------------------------------------- অফিসার (সংশিষ্ট সকল), দিরাই।
০৯। চেয়ারম্যান---------------------------------------------------------------- ইউ/পি (সকল), দিরাই।
১০। অফিস নথি/মাস্টার ফাইল।

১৭.০২.২২

(মাহমুদুর রহমান মামুন)
মুখ্য নির্বাহী কর্মকর্তা
উপজেলা পরিষদ, দিরাই
ও
উপজেলা নির্বাহী অফিসার
দিরাই, সুনামগঞ্জ।

পরিশিষ্ট "ক"

| সভায় উপস্থিত সদস্যগণের তালিকা (জ্যাষ্ঠতারক্রমানুসারে নয়) | সভায় উপস্থিত কর্মকর্তাগণের তালিকা (জ্যাষ্ঠতারক্রমানুসারে নয়) |
|---|---|
| ০১। জনাব মোঃ মঞ্জুর আলম চৌধুরী, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দিরাই।<br>০২। মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দিরাই।<br>০৩। মেয়র, দিরাই পৌরসভা।<br>০৪। চেয়ারম্যান, রফিনগর ইউ/পি, দিরাই।<br>০৫। চেয়ারম্যান, রাজানগর ইউ/পি, দিরাই।<br>০৬। চেয়ারম্যান, চরনারচর ইউ/পি, দিরাই।<br>০৭। চেয়ারম্যান, দিরাই সরমঙ্গল ইউ/পি, দিরাই।<br>০৮। চেয়ারম্যান, করিমপুর ইউ/পি, দিরাই।<br>০৯। চেয়ারম্যান, জগদল ইউ/পি, দিরাই।<br>১০। চেয়ারম্যান, তাড়ল ইউ/পি, দিরাই।<br>১১। চেয়ারম্যান, কুলঞ্জ ইউ/পি, দিরাই।<br>১২। সংরক্ষিত মহিলা সদস্য, উপজেলা পরিষদ, দিরাই। | ০১। উপজেলা নির্বাহী অফিসার, দিরাই, সুনামগঞ্জ।<br>০২। উপজেলা স্বাস্থ্য ও পঃপঃ কর্মকর্ত, দিরাই, সুনামগঞ্জ।<br>০৩। উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার, দিরাই, সুনামগঞ্জ।<br>০৪। উপজেলা সমাজসেবা অফিসার, দিরাই, সুনামগঞ্জ।<br>০৫। সিনিয়র উপজেলা মৎস্য অফিসার, দিরাই, সুনামগঞ্জ।<br>০৬। উপজেলা প্রকৌশলী, দিরাই, সুনামগঞ্জ।<br>০৭। উপজেলা মহিলা বিষয়ক অফিসার, দিরাই, সুনামগঞ্জ।<br>০৮। উপজেলা শিক্ষা অফিসার, দিরাই, সুনামগঞ্জ।<br>০৯। উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, দিরাই, সুনামগঞ্জ (কো-অপ্টকৃত কর্মকর্তা)।<br>১০। উপজেলা সমবায় অফিসার, দিরাই, সুনামগঞ্জ।<br>১১। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, দিরাই, সুনামগঞ্জ।<br>১২। উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসার, দিরাই, সুনামগঞ্জ।<br>১৩। উপসহঅর্জনকারী প্রকৌশলী (বাপাউবো) ও শাখা কর্মকর্তা, দিরাই<br>১৪। উপজেলা প্রাণিসম্পদ অফিসার, দিরাই, সুনামগঞ্জ।<br>১৫। উপ-সহঅর্জনকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য), দিরাই, সুনামগঞ্জ।<br>১৬। উপ-সহঅর্জনকারী প্রকৌশলী (ক্ষুদ্রসেচ), দিরাই, সুনামগঞ্জ (কো-অপ্টকৃত কর্মকর্তা)।<br>১৭। তথ্য সেবা কর্মকর্তা, তথ্য আপা প্রকল্প, দিরাই, সুনামগঞ্জ (কো-অপ্টকৃত কর্মকর্তা)। |

পরিশিষ্ট "খ"

| সভায় অনুপস্থিত সদস্যগণের তালিকা (জ্যাষ্ঠতারক্রমানুসারে নয়) | সভায় অনুপস্থিত কর্মকর্তাগণের তালিকা (জ্যাষ্ঠতারক্রমানুসারে নয়) |
|---|---|
| ০১। জনাব মোঃ মোহন চৌধুরী, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দিরাই<br>০২। চেয়ারম্যান, ভাটিপাড়া ইউ/পি, দিরাই। | ০১। সহঅর্জনকারী কমিশনার (ভূমি), দিরাই, সুনামগঞ্জ (কো-অপ্টকৃত কর্মকর্তা)।<br>০২। উপজেলা যুব উন্নয়ন অফিসার, দিরাই, সুনামগঞ্জ।<br>০৩। ফরেস্টার/ডেপুটি রেঞ্জ অফিসার, দিরাই<br>০৪। উপজেলা কৃষি অফিসার, দিরাই, সুনামগঞ্জ।<br>০৫। উপজেলা পল্লী উন্নয়ন অফিসার, দিরাই, সুনামগঞ্জ।<br>০৬। উপজেলা সমন্বয়অর্জনকারী, একটি বাড়ি একটি খামার, প্রকল্প দিরাই, সুনামগঞ্জ (কো-অপ্টকৃত কর্মকর্তা)। |